

উপজেলা পরিষদ

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

www.kotalipara.gopalganj.gov.bd

কোটালীপাড়া উপজেলা পরিষদের জানুয়ারী-২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি	:	বিমল কৃষ্ণ বিশ্বাস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
স্থান	:	উপজেলা পরিষদ সভাকক্ষ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
সভার তারিখ ও সময়	:	১৩/০১/২০২২ খ্রিঃ, দুপুর ১২.৩০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট-ক, অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট-খ।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া সভা পরিচালনা করেন এবং আলোচ্য সূচীর আলোকে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-০১ : বিগত সভার কার্যবিবরণী পাঠ, পর্যালোচনা ও অনুমোদন :

আলোচনা : বিগত ০৯/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সভায় পাঠ ও পর্যালোচনা করা হয়।

সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ ও পর্যালোচনা করা হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্যসূচী-০২ : বিভাগীয় উন্নয়নমূলক কার্যক্রম পর্যালোচনা :

২.০১। স্বাস্থ্য বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে তার বিভাগীয় কার্যক্রম আরও সুন্দর করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০২। কৃষি বিভাগ :

উপজেলা কৃষি কর্মকর্তা, কোটালীপাড়া সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা কৃষি কর্মকর্তা, বিভাগীয় কার্যক্রম আরও সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়।

২.০৩। উপজেলা প্রকৌশল (এলজিইডি) অধিদপ্তর :

(ক) উপজেলা প্রকৌশলী, কোটালীপাড়া সভায় জানান যে, ০৭/১০/২০১৯খ্রিঃ তারিখ গোপালগঞ্জ জেলার গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প কাজ চলমান।

২.০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কোটালীপাড়া সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম আরও সুন্দরভাবে করার জন্য অনুরোধ করা হয়।

২.০৫। উপজেলা সমাজসেবা বিভাগ :

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কোটালীপাড়া সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে তার বিভাগের কার্যক্রম আরও সুন্দরভাবে করার জন্য অনুরোধ করা হয়।

২.০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগ :

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তাকে কার্যক্রম আরও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০৭। উপজেলা বন বিভাগ :

(ক) উপজেলা বন কর্মকর্তার জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে বর্তমানের নার্সারীর উত্তর পাশে খালের উত্তরপাড় জায়গা নির্বাচনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০৮। উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) :

উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, চলতি অর্থ বছরে বিভিন্ন ইউনিয়নে গভীর নলকূপ স্থাপনের কার্যক্রম শেষ পর্যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে তার কার্যক্রম আরও সুন্দরভাবে করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.০৯। অন্যান্য বিভাগ :

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা প্রানিসম্পদ অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, উপজেলা সমবায় অফিসার, উপজেলা মহিলা বিষয়ক বিভাগ, উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন অফিসার, উপজেলা নির্বাচন অফিস, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক বিভাগ, উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন(পিডিবিএফ) অফিসার, উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, বিএডিসি বিভাগ, কোটালীপাড়া সভায় জানান যে, তাদের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।



সিদ্ধান্ত : উক্ত কর্মকর্তাদের দপ্তরের কার্যক্রম আরও সুন্দরভাবে চালিয়ে যাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিমল কৃষ্ণ বিশ্বাস)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ, কোটালীপাড়া

ও

সভাপতি

উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় সভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোনঃ ৬৬৫১২৭০, ফ্যাক্সঃ ৬৬৫১৩৫৭।

স্মারক নং-০৫.৩০.৩৫৫১.০০.০০.০০১.২০২২ -

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।

০৩। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ।

০৫। উপজেলাকর্মকর্তা, কোটালীপাড়া।

০৬। চেয়ারম্যান, ইউপি, কোটালীপাড়া।

তারিখ : ১৩/০১/২০২২খ্রিঃ।

(ফেরদৌস ওয়াহিদ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

মুখ্য নির্বাহী কর্মকর্তা

উপজেলা পরিষদ

কোটালীপাড়া, গোপালগঞ্জ।